



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্ণ রোড, কলকাতা-৭০০ ০০১

(বি.ই.এফ.প.ব-এর অন্তর্ভুক্ত সংগঠন)

রেজিঃ নং— ৪১৯৯

সার্কুলার নং — ০৯/২০১৭

তাং - ২৪/০৯/২০১৭

সকল সদস্যর জন্য

প্রিয় সাথী,

বিষয় — ২৩তম (নব পর্যায়) সম্মেলন

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে আমাদের সংগঠনের ২৩তম (নব পর্যায়) সম্মেলন আগামী ১২ থেকে ১৪ই জানুয়ারী ২০১৮ কলকাতা শহরে অনুষ্ঠিত হবে।

প্রকাশ্য সমাবেশ ও প্রতিনিধি সম্মেলন — ১২ই জানুয়ারী ২০১৮ (শুক্রবার)

প্রতিনিধি সম্মেলন — ১৩-১৪ই জানুয়ারী ২০১৮ (শনিবার ও রবিবার)

প্রকাশ্য সমাবেশ ও প্রতিনিধি সম্মেলনের স্থান — কলকাতা

সম্মেলনকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য কলকাতা অঞ্চলের কেন্দ্রীয় কমিটির সদস্যদের নিয়ে অভ্যর্থনা সমিতি গঠন করা হয়েছে। অভ্যর্থনা সমিতির চেয়ারম্যান নির্বাচিত হয়েছে সংগঠনের প্রাক্তন সহ সভাপতি কমরেড ব্রজনাথ মন্ডল এবং আহায়ক নির্বাচিত হয়েছে সংগঠনের সম্পাদক কমরেড অনিমেষ সুর।

সম্মেলনকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ক্রেডেনশিয়াল কমিটি এবং অফিস, প্রচার, হল, আবাসন, পরিবহন, খাদ্য সরবরাহ ও স্বেচ্ছাসেবক উপসমিতি গঠন করা হয়েছে। উপসমিতির নির্বাচিত আহায়কদের নাম নিচে দেওয়া হল।

ক্রেডেনশিয়াল কমিটি	— কমরেড দীপক মজুমদার
অফিস উপসমিতি	— কমরেড রামতনু দত্ত
প্রচার উপসমিতি	— কমরেড বুদ্ধ দেব দাস
হল উপসমিতি	— কমরেড অলোক কুমার দত্ত
আবাসন উপসমিতি	— কমরেড সুনয় বিশ্বাস
পরিবহন উপসমিতি	— কমরেড বারিদ বরণ দাস
খাদ্য সরবরাহ উপসমিতি	— কমরেড মনোজিত ঘোষ
স্বেচ্ছাসেবক উপসমিতি	— কমরেড সোমনাথ দাশগুপ্ত

(পরের পাতায় দেখুন)

সম্মেলনকে সর্বতোভাবে সফল করার জন্য কলকাতা অঞ্চলের প্রতিটি শাখা থেকে সম্মেলনের জন্য স্বেচ্ছাসেবকদের নাম পাঠানোর আবেদন করা হচ্ছে। এ ব্যাপারে শাখা কমিটি ও ক্লাস্টার কমিটির সদস্যদের অতিরিক্ত উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। এই স্বেচ্ছাসেবকদের নামের তালিকা অতি অবশ্যই আগামী ১৫ই নভেম্বর, ২০১৭এর মধ্যে সংগঠনের কেন্দ্রীয় দপ্তরে পাঠাতে হবে।

সম্মেলনের জন্য তহবিল

বিগত সম্মেলনের অভিজ্ঞতার নিরিখে ও বর্তমানের আকাশছোঁয়া অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কথা বিবেচনায় রেখে সম্মেলনের ব্যয় সঙ্কুলানের জন্য সদস্যদের কাছ থেকে নিম্নলিখিত হারে অনুদান সংগ্রহের সিদ্ধান্ত করা হয়েছে।

(ক)	স্পেশাল অ্যাসিস্ট্যান্ট	-	১২০০ টাকা
(খ)	হেড ক্যাশিয়ার	-	৯০০ টাকা
(গ)	সিঙ্গল উইন্ডো অপারেটর-বি (SWO-B)	-	৮০০ টাকা
(ঘ)	সিঙ্গল উইন্ডো অপারেটর-এ (SWO-A)	-	৬০০ টাকা
(ঙ)	সাবস্টাফ কর্মচারী	-	৩০০ টাকা
(চ)	১/২ ও ৩/৪ বেতনভুক্ত সাফাই কর্মচারী	-	১৫০ টাকা
(ছ)	১/৩ বেতনভুক্ত সাফাই কর্মচারী	-	৫০ টাকা

সম্মেলন উপলক্ষ্যে সদস্যদের দেয় চাঁদা সহ প্রতিটি শাখাকে সদস্যপিছু ১৫০০ টাকা লক্ষ্যমাত্রা ধরে আমাদের দরদী বন্ধু ও অন্যান্যদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে সম্মেলন তহবিলে জমা দিতে হবে। অবশ্যই মোট সংগৃহীত অর্থ এ্যাকাউন্ট নং ০০৯০০০০১০০২২৯৭১৯ এ জমা দেবেন অথবা ড্রাফট এর মাধ্যমে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে সরাসরি পাঠাবেন। সম্মেলনের অর্থ সংগ্রহ-এর জন্য রসিদ বই আগামী ১৫ই অক্টোবর, ২০১৫ থেকে কেন্দ্রীয় কার্যালয়ে গ্রহণ করার জন্য ক্লাস্টার ও শাখা নেতৃত্বকে উদ্যোগ গ্রহণ করার অনুরোধ করা হচ্ছে।

মূল্যবৃদ্ধি, দুর্নীতি ও বিভিন্ন বিষয়কে কেন্দ্র করে টালমাটাল কেন্দ্রীয় সরকার ও আমাদের রাজ্যে বর্তমান সরকার ক্ষমতাসীন হওয়ার পরবর্তী প্রেক্ষাপটে ব্যাঙ্ক কর্মচারী ও ভারতবর্ষের শ্রমিক শ্রেণীর সামনে এক গুরুত্বপূর্ণ মুহুর্তে আমাদের সংগঠনের ২৩তম (নব পর্যায়) সম্মেলন অনুষ্ঠিত হতে চলেছে। তাই এই সম্মেলনকে সর্বতোভাবে সফল করে -তোলার জন্য নির্দিষ্ট অর্থ সংগ্রহ, প্রকাশ্য সমাবেশে ব্যাপকভাবে অংশগ্রহণ সহ অন্যান্য সকল সাংগঠনিক দায়িত্ব পালনের জন্য সকল সদস্যকে আন্তরিকভাবে সচেতন ও আগ্রহী হওয়ার জন্য আহ্বান জানাচ্ছি।

